



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ওয়েবসাইট: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার নং-০৪

০৮ ফেব্রুয়ারি ২০২৬

তারিখ: -----

২৫ মাঘ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

গৃহ ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৬ তারিখ: ১৮ জুলাই ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এর অনুচ্ছেদ ৪(২)(ক) এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ১০০ কোটি টাকার কম পরিমাণ মেয়াদী ঋণ পুনঃতফসিল পরবর্তী পরিশোধের মেয়াদ সর্বোচ্চ ৬ (ছয়) বছর পর্যন্ত নির্ধারিত রয়েছে। ফলে, বিদ্যমান নীতিমালা অনুযায়ী গৃহ ঋণ পুনঃতফসিল করা প্রয়োজন হলে পুনঃতফসিল পরবর্তী পরিশোধের সময়সীমা ঋণের বিদ্যমান অবশিষ্ট মেয়াদ অপেক্ষা কম হওয়ার সম্ভাবনা তৈরি হয়।

৩. এ প্রেক্ষিতে, পুনঃতফসিল পরবর্তীতে গৃহ ঋণের গ্রাহকদের পরিশোধ সক্ষমতা বজায় রাখা এবং পুনঃতফসিলকৃত ঋণের কিস্তি নিয়মিত পরিশোধে উৎসাহিত করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

(১) গ্রাহকের নগদ প্রবাহের প্রক্ষেপণ বিবেচনায় সর্বোচ্চ ৬ (ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ পুনঃতফসিল পরবর্তী পরিশোধের সর্বোচ্চ সময়সীমা হবে নিম্নরূপ:

পুনঃতফসিলের ক্রম	সর্বোচ্চ মেয়াদ
১ম	ঋণের বিদ্যমান অবশিষ্ট মেয়াদ + এর ৩০%
২য়	ঋণের বিদ্যমান অবশিষ্ট মেয়াদ + এর ২০%
৩য় ও ৪র্থ	ঋণের বিদ্যমান অবশিষ্ট মেয়াদ

তবে, এরূপ পুনঃতফসিলিকরণে অনুমোদিত পরিশোধের সর্বোচ্চ সময়সীমা কোনো অবস্থাতেই মূল ঋণ মঞ্জুরীর সময়ে প্রদত্ত সময়সীমার চেয়ে অধিক হবে না।

(২) ঋণ পুনঃতফসিল সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সমুদয় ঋণ গ্রাহকের সর্বোচ্চ ৬৫ বছর বয়সের মধ্যে আদায়ের বিষয়টি নিশ্চিত করতে হবে। সর্বশেষ কিস্তি পরিশোধের তারিখ কোনোক্রমেই গ্রাহকের ৬৫ বছর বয়স অতিক্রম করবে না।

(৩) অন্য কোনো ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি হতে পুনঃতফসিলকৃত গৃহ ঋণ অধিগ্রহণের ক্ষেত্রে পূর্ববর্তী পুনঃতফসিলের ক্রম প্রযোজ্য হবে এবং গ্রাহকের নিকট হতে এ সংশ্লিষ্ট ঘোষণাপত্র সংগ্রহ করতে হবে।

(৪) ঋণ পুনঃতফসিলিকরণের পূর্বে মূল ঋণ মঞ্জুরী সংশ্লিষ্ট ডকুমেন্টেশনসহ অন্যান্য প্রযোজ্য শর্তাদি পরিপালন নিশ্চিত করতে হবে।

৪. এতদ্ব্যতীত, গৃহ ঋণ পুনঃতফসিলিকরণে ডাউন পেমেন্ট নির্ধারণসহ অন্যান্য সকল ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এবং এর অনুষঙ্গিক্রমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনাসমূহ যথারীতি পরিপালনীয় হবে।

৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২